গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
www.rdcd.gov.bd

স্মারক নম্বর: ৪৭.০০.০০০০.০৪৬.০৬.০৪৯.২৪.২৩৩

তারিখ: ২৮ ভাদ্র ১৪৩১ বঙ্গাব্দ / ১২ সেপ্টেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

বিষয়: **পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা (এনআইএস) ২০২৪-২৫ বাস্তবায়ন সংক্রান্ত নৈতিকতা কমিটির ১ম প্রান্তিকে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।**

পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা (এনআইএস) ২০২৪-২৫ বাস্তবায়ন সংক্রান্ত বিষয়ে নৈতিকতা কমিটির ১ম প্রান্তিকের সভা গত ০৮/০৯/২০২৪ খ্রিঃ সকাল ১১.৩০ ঘটিকায় এ বিভাগের সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভার কার্যবিবরণীটি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এসাথে প্রেরণ করা হলো।
সংযুক্তিঃ Minutes_NIS_2024-25 (1st Quarter).pdf।

১২-০৯-২০২৪
নাহরিন সুলতানা
সিনিয়র সহকারী সচিব

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মহাপরিচালক (গ্রেড-১), মহাপরিচালকের দপ্তর, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড;
২। নিবন্ধক ও মহাপরিচালক, নিবন্ধক ও মহাপরিচালকের দপ্তর, সমবায় অধিদপ্তর;
৩। মহাপরিচালক, মহাপরিচালক এর দপ্তর, পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া;
৪। মহাপরিচালক (অতিরিক্ত সচিব), মহাপরিচালকের দপ্তর, বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি;
৫। অতিরিক্ত সচিব, পরিকল্পনা ও উন্নয়ন অনুবিভাগ, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ;
৬। অতিরিক্ত সচিব, প্রশাসন ও বাজেট অনুবিভাগ, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ;
৭। ব্যবস্থাপনা পরিচালক, ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন (এসএফডিএফ);
৮। ব্যবস্থাপনা পরিচালক, ব্যবস্থাপনা পরিচালক এর সচিবালয়, পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ);
৯। যুগ্মসচিব, প্রশাসন ও বাজেট অনুবিভাগ, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ;
১০। যুগ্মসচিব, পরিকল্পনা ও উন্নয়ন অনুবিভাগ, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ;
১১। উপসচিব, পরিকল্পনা-১ শাখা, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ;
১২। উপসচিব (প্রশাসন), প্রশাসন অধিশাখা, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ;
১৩। পরিচালক, পরিচালক (প্রশাসন ও অর্থ) এর দপ্তর, বঙ্গবন্ধু দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন একাডেমি (বাপার্ড);
১৪। উপসচিব, পরিকল্পনা-৫ শাখা, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ;
১৫। উপসচিব, বাজেট অধিশাখা, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ;
১৬। সহকারী সচিব, পরিকল্পনা-৪ শাখা, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ এবং
১৭। সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব), পরিকল্পনা-৬ শাখা, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।

স্মারক নম্বর: ৪৭.০০.০০০০.০৪৬.০৬.০৪৯.২৪.২৩৩/১(২)

তারিখ: ২৮ ভাদ্র ১৪৩১ বঙ্গাব্দ / ১২ সেপ্টেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সচিবের একান্ত সচিব , সচিবের দপ্তর, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ এবং

২। সিস্টেম এনালিস্ট , আইসিটি ইউনিট, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ (কার্যবিবরণীটি এ বিভাগের ওয়েবসাইটে আপলোডের অনুরোধ করা হলো।।

১২-০৯-২০২৪
নাহরিন সুলতানা
সিনিয়র সহকারী সচিব

সকল সংযুক্তিসমূহ:

(১) Minutes_NIS_2024-25 (1st Quarter)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
এপিএ শাখা

বিষয়: **পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা (এনআইএস) ২০২৪-২৫ বাস্তবায়ন সংক্রান্ত নৈতিকতা কমিটির ১ম প্রান্তিকে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।**

সভাপতি	:	মোসাম্মৎ শাহানারা খাতুন সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
সভার তারিখ ও সময়	:	০৮/০৯/২০২৪ খ্রি. সকাল ১১.৩০ ঘটিকা।
সভার স্থান	:	সভাকক্ষ, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।

উক্ত সভায় উপস্থিত সদস্যগণের নামের তালিকা **'পরিশিষ্ট-'ক'**।

সভাপতি উপস্থিত অত্র বিভাগ এবং অধীনস্থ দপ্তর/সংস্থার কর্মকর্তাগণের সমন্বয়ে গঠিত নৈতিকতা কমিটির সদস্যদের স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। শুরুতে সভাপতি পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সকল অনুবিভাগ ও আওতাধীন সকল দপ্তর/সংস্থার কার্যক্রম বাস্তবায়নে শুদ্ধাচার নিশ্চিত করার প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান করেন। অতঃপর তিনি আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম শুরু করার জন্য এ বিভাগের জাতীয় শুদ্ধাচার কৌশল (এনআইএস) এর টিম লিডার ও এ বিভাগের অতিরিক্ত সচিব (পরিকল্পনা ও উন্নয়ন)-কে অনুরোধ জানান।

আলোচনা :

০২। পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের জাতীয় শুদ্ধাচার কৌশল (এনআইএস) এর টিম লিডার ও এ বিভাগের অতিরিক্ত সচিব (পরিকল্পনা ও উন্নয়ন) সভাকে অবহিত করেন যে, মন্ত্রিপরিষদ বিভাগ হতে ০৪ এপিল ২০১৩ তারিখে জারীকৃত পরিপত্রের আলোকে মন্ত্রলালয়/বিভাগ/রাষ্ট্রীয় প্রতিষ্ঠানে শুদ্ধাচার নিশ্চিতকরণের নিমিত্ত গত ৩০ জুলাই ২০২৪ তারিখে এ বিভাগের নৈতিকতা কমিটি পুনর্গঠন করা হয়েছে। এই কমিটির কার্যপরিধি অনুযায়ী সংশ্লিষ্ট সেক্টরে শুদ্ধাচার প্রতিষ্ঠায় অর্জিত সাফল্য এবং অন্তরায়সমূহ চিহ্নিতকরণ, অন্তরায়সমূহ দূরীকরণে সময়াবদ্ধ কর্মপরিকল্পনা প্রণয়ন, কর্মপরিকল্পনা বাস্তবায়নে কর্মকর্তাদেরকে দায়িত্ব ন্যাস্তকরণ, গৃহীত কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও পরিবীক্ষণ এবং মন্ত্রিপরিষদ বিভাগের শুদ্ধাচার বাস্তবায়ন ইউনিটে মন্ত্রণালয়/বিভাগ/প্রতিষ্ঠানে এ সংক্রান্ত প্রতিবেদন প্রেরণ করতে হবে। তিনি সভায় পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৪-২৫ এর ১ম প্রান্তিক (জুলাই/২০২৪ হতে সেপ্টেম্বর/২০২৪) এর লক্ষ্যমাত্রা এবং ইতোমধ্যে বাস্তবায়ন অগ্রগতির তথ্যাদি সভায় পাওয়ার পয়েন্টের মাধ্যমে উপস্থাপন করেন।

সিদ্ধান্ত:

০৩। সভায় উপস্থাপিত এ বিভাগের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৪-২৫ এর বিষয়ে কার্যক্রম/সূচকভিত্তিক আলোচনা ও গৃহীত সিদ্ধান্ত নিম্নে উপস্থাপন করা হলোঃ

ক্র. নং	কার্যক্রমের নাম	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১.	নৈতিকতা কমিটির সভা আয়োজন এবং সভার সিদ্ধান্ত বাস্তবায়ন।	এ বিভাগের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৪-২৫ মোতাবেক প্রতি প্রান্তিকে নৈতিকতা কমিটির একটি সভা আহবানের লক্ষ্যমাত্রা রয়েছে। সে মোতাবেক এ প্রান্তিকের সভা আহবান করা হয়েছে। সভায় এ বিভাগের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৪-২৫ এর উল্লিখিত কার্যক্রমসমূহ বিস্তারিত আলোচনান্তে নৈতিকতা কমিটির সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ শতভাগ বাস্তবায়ন এবং অগ্রগতি প্রতিবেদন যথাসময়ে এ বিভাগে প্রেরণের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করা হয়।	সভর সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন যথাসময়ে এ বিভাগে প্রেরণ করতে হবে।	সকল উইং প্রধান, এ বিভাগ এবং সকল দপ্তর/সংস্থা প্রধান
২.	শুদ্ধাচার প্রতিষ্ঠায় চিহ্নিত অন্তরায়সমূহ দূরীকরণ	সভায় উল্লেখ করা হয় যে, ইতোমধ্যে এ বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থায় শুদ্ধাচার প্রতিষ্ঠায় অন্তরায়সমূহ চিহ্নিত করা হয়েছে যা নিম্নরূপঃ ক) বদলি, নিয়োগ ও পদোন্নতিতে অনিয়ম; খ) ঋণ আদায় ও বিতরণে অনিয়ম; গ) সঞ্চয় আহরণে অনিয়ম; এবং ঘ) সমবায় সমিতির নিবন্ধন প্রক্রিয়ায় অনিয়ম।	শুদ্ধাচার প্রতিষ্ঠায় চিহ্নিত অন্তরায়সমূহ দূরীকরণে সময়াবদ্ধ কর্মপরিকল্পনা প্রণয়নপূর্বক আগামী ১০.১০.২০২৪ তারিখের মধ্যে এ বিভাগে প্রেরণ করতে হবে।	এনআইএস ফোকাল পয়েন্ট, এ বিভাগ ও দপ্তর/সংস্থা প্রধানগণ

ক্র. নং	কার্যক্রমের নাম	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
		চিহ্নিত অন্তরায়সমূহ দূরীকরণে সময়াবদ্ধ কর্মপরিকল্পনা প্রণয়ন করা প্রয়োজন। সভায় এ বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থায় শুদ্ধাচার প্রতিষ্ঠায় চিহ্নিত অন্তরায়সমূহ দূরীকরণে সময়াবদ্ধ কর্মপরিকল্পনা প্রণয়নপূর্বক আগামী ১০.১০.২০২৪ তারিখের মধ্যে এ বিভাগে প্রেরণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করা হয়।		
২.	সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে সভা আয়োজন।	সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত এ বিভাগের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৪-২৫ এর ২য় প্রান্তিকে ১টি এবং ৩য় প্রান্তিকে ১টি মোট ২টি সভা অনুষ্ঠানের লক্ষ্যমাত্রা রয়েছে। সভায় লক্ষ্যমাত্রা অনুযায়ী যথাসময়ে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে সভা আয়োজনের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করা হয়।	এ বিভাগের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৪-২৫ এর লক্ষ্যমাত্রা অনুযায়ী যথাসময়ে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে সভা আয়োজনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	উপসচিব(বাজেট) পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
৩.	শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন।	২০২৪-২৫ অর্থবছরে এ বিভাগের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনায় মোট ১০৭ জনকে এবং ১ম প্রন্তিকে মোট ২৭ জনকে শুদ্ধাচার বিষয়ক প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যমাত্রা রয়েছে। এখনও ১ম প্রান্তিকে এ সংক্রান্ত কোন প্রশিক্ষণ আয়োজন করা হয়নি। সভায় ১ম প্রান্তিকের লক্ষ্যমাত্রা অনুযায়ী শুদ্ধাচার বিষয়ক প্রশিক্ষণ কোর্সের আয়োজনের জন্য প্রশাসন অনুবিভাগকে নির্দেশনা প্রদান করা হয়।	২০২৪-২৫ অর্থবছরে এ বিভাগের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ১ম প্রন্তিকের লক্ষ্যমাত্রা অনুযায়ী শুদ্ধাচার বিষয়ক প্রশিক্ষণ কোর্সের আয়োজন করতে হবে।	অতিরিক্তি সচিব (প্রশাসন ও বাজেট) পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
৪.	কর্ম-পরিবেশ উন্নয়ন (টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল নিষ্পত্তিকরণ/নথি বিনষ্টকরণ/পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি/প্রাধিকার প্রাপ্ত কর্মচারীদের দাপ্তরিক পোষাক সরবরাহ ও পরিধান নিশ্চিত করা ইত্যাদি)	২০২৪-২৫ অর্থবছরে এ বিভাগের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনায় কর্ম-পরিবেশ উন্নয়ন (টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল নিষ্পত্তিকরণ/নথি বিনষ্টকরণ/ পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি/প্রাধিকার প্রাপ্ত কর্মচারীদের দাপ্তরিক পোষাক সরবরাহ ও পরিধান নিশ্চিত করা ইত্যাদি) লক্ষ্যমাত্রা রয়েছে। অর্থ বছরের প্রতি প্রন্তিকে শেষে এ বিভাগের কর্মপরিবেশ উন্নয়ন সংক্রান্ত প্রতিবেদন দাখিল করতে হয়। সভায় এ বিভাগের কর্মপরিবেশ উন্নত রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং প্রান্তিক শেষে যথা সময়ে এ সংক্রান্ত প্রতিবেদন (প্রমাণকসহ) এপিএ শাখায় প্রেরণের জন্য নির্দেশনা প্রদান করা হয়।	২০২৪-২৫ অর্থবছরে এ বিভাগের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনায় কর্ম-পরিবেশ উন্নত রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং প্রান্তিক শেষে যথা সময়ে এ সংক্রান্ত প্রতিবেদন (প্রমাণকসহ) এ বিভাগের এপিএ শাখায় প্রেরণ করতে হবে।	উপসচিব(প্রশাসন) পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
৫.	আওতাধীন দপ্তর/সংস্থা কর্তৃক দাখিলকৃত শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদনের ওপর ফিডব্যাক প্রদান	২০২৪-২৫ অর্থবছরে এ বিভাগের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনায় আওতাধীন দপ্তর/সংস্থা কর্তৃক দাখিলকৃত শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদনের ওপর ৩১-১০-২০২৪, ৩১-০১-২০২৫ এবং ৩০-০৪-২০২৫ তারিখের মধ্যে ফিডব্যাক প্রদানের লক্ষ্যমাত্রা রয়েছে। লক্ষ্যমাত্রা অনুযায়ী আওতাধীন দপ্তর/সংস্থার শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ত্রৈমাসিক অগ্রগতির ১ম প্রান্তিকের প্রতিবেদনের ওপর আগামী ৩১-১০-২০২৪ তারিখের মধ্যে ফিডব্যাক সভা আয়োজনের নির্দেশনা প্রদান করা হয়।	আওতাধীন দপ্তর/ সংস্থার শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ত্রৈমাসিক অগ্রগতির ১ম প্রান্তিকের প্রতিবেদনের ওপর আগামী ৩১-১০-২০২৪ তারিখের মধ্যে ফিডব্যাক সভা আয়োজন করতে হবে।	টিম লিডার, এনআইএস পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
৬.	২০২৪-২৫ অর্থ বছরের রাজস্ব এবং উন্নয়ন বাজেটের অনুমোদিত ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ এবং ক্রয় পরিকল্পনা যথাযথভাবে বাস্তবায়ন।	জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনায় ২০২৪-২৫ অর্থ বছরের রাজস্ব এবং উন্নয়ন বাজেটের অনুমোদিত ক্রয়-পরিকল্পনা প্রণয়ন করে ৩১-০৭-২০২৪ তারিখের মধ্যে ওয়েবসাইটে প্রকাশের লক্ষ্যমাত্রা ছিল। ইতোমধ্যে উক্ত লক্ষ্যমাত্রা অনুযায়ী এ বিভাগের ২০২৪-২৫ অর্থ বছরের রাজস্ব এবং উন্নয়ন বাজেটের অনুমোদিত ক্রয়-পরিকল্পনা প্রণয়ন করে ৩০-০৭-২০২৪ তারিখে ওয়েব সাইটে প্রকাশ করা হয়েছে। সভায় সভাপতি ধন্যবাদ জানিয়ে ২০২৪-২৫ অর্থ বছরের অনুমোদিত ক্রয়-পরিকল্পনা মোতাবেক ক্রয় কার্যক্রম বাস্তবায়নের জন্য	২০২৪-২৫ অর্থ বছরের অনুমোদিত ক্রয়-পরিকল্পনা মোতাবেক ক্রয় কার্যক্রম সম্পাদন করতে হবে এবং প্রান্তিক শেষে বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন এ বিভাগের এপিএ শাখায় প্রেরণ করতে হবে।	উপসচিব(প্রশাসন) পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ

ক্র. নং	কার্যক্রমের নাম	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
		সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করেন।		
৭.	বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন	২০২৪-২৫ অর্থবছরে এ বিভাগের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনায় ১ম প্রান্তিকে বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) বাস্তবায়ন অগ্রগতি ১০% অর্জনের লক্ষ্যমাত্রা রয়েছে। সভায় এডিপি বাস্তবায়নের লক্ষ্যমাত্রা অর্জনের নিমিত্ত কার্যকর পদক্ষেপ গ্রহণের নির্দেশনা প্রদান করা হয়, যাতে করে বছর শেষে শতভাগ অগ্রগতি অর্জন সম্ভব হয়।	২০২৪-২৫ অর্থবছরে এ বিভাগের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) বাস্তবায়নের লক্ষ্যমাত্রা অর্জনের নিমিত্ত কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে।	সকল দপ্তর সংস্থা প্রধান ও সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক।
৮.	প্রকল্পের PSC ও PIC সভা আয়োজন।	২০২৪-২৫ অর্থবছরে এ বিভাগের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনায় বাস্তবায়নধীন উন্নয়ন প্রকল্পসমূহের জন্য মোট ৩৪টি PSC সভা ও ৪টি PIC সভা আয়োজনের লক্ষ্যমাত্রা রয়েছে। তন্মধ্যে ১ম প্রান্তিকে মোট ৪টি PSC সভা ও ২টি PIC সভা আয়োজন করতে হবে। এ বিভাগের চলমান উন্নয়ন প্রকল্পসমূহের সভা আয়োজনের ক্যালেন্ডার প্রণয়ন করে সংশ্লিষ্ট সকলের নিকট বিতরণ করা হয়েছে। সভায় উল্লেখ করা হয় যে, সভা আয়োজনের প্রমাণক হিসেবে সভার নোটিশ, কার্যবিবরণী এবং হাজিরা শিট প্রমাণক হিসেবে দাখিল করতে হয়। ইতোমধ্যে এ বিভাগে মোট ৪টি পিএসসি সভা অনুষ্ঠিত হয়েছে এবং ৩টি প্রকল্পের পিএসসি সভা অনুষ্ঠানের তারিখ নির্ধারণ করা হয়েছে। PSC ও PIC সভা আয়োজনের প্রমাণক হিসেবে সভার নোটিশ, কার্যবিবরণী এবং হাজিরা শিট প্রমাণক হিসেবে এ বিভাগের এপিএ শাখায় দাখিলের জন্য সংশ্লিষ্টদেরকে নির্দেশনা প্রদান করা হয়।	এ বিভাগের ২০২৪-২৫ অর্থবছরের লক্ষ্যমাত্রা/ প্রণীত ক্যালেন্ডার অনুযায়ী PSC ও PIC সভা আয়োজন এবং প্রমাণক হিসেবে সভার নোটিশ, কার্যবিবরণী এবং হাজিরা শিট প্রমাণক হিসেবে এ বিভাগের এপিএ শাখায় দাখিল করতে হবে।	সংশ্লিষ্ট সকল শাখা কর্মকর্তা পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
৯.	প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ (যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) বিধি মোতাবেক হস্তান্তর করা।	সভায় উল্লেখ করা হয় যে, চলতি ২০২৪-২৫ অর্থবছরের শুদ্ধাচার কর্মপরিকল্পনায় যে সকল প্রকল্প ৩০/০৬/২৪ তারিখে সমাপ্ত হয়েছে সে সকল প্রকল্পের সম্পদ (যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) বিধি মোতাবেক আগামী ৩০/০৯/২০২৪ তারিখে মধ্যে এবং যে সকল প্রকল্প ৩১/১২/২০২৪ তারিখে সমাপ্ত হবে সে সকল প্রকল্পের সম্পদ আগামী ৩১/০৩/২০২৫ তারিখের মধ্যে হস্তান্তর করে তালিকাসহ প্রমাণক এপিএ শাখায় প্রেরণ করতে হবে। ৩০ জুন, ২০২৪ এ সমবায় অধিদপ্তরের ১টি এবং বার্ড, কুমিল্লার ১টি প্রকল্প সমাপ্ত হয়েছে। সভায় এ ২টি প্রকল্পের সম্পদ (যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) বিধি মোতাবেক আগামী ৩০/০৯/২০২৪ তারিখে মধ্যে হস্তান্তর করে তালিকাসহ প্রমাণক এপিএ শাখায় প্রেরণের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করা হয়।	২০২৪-২৫ অর্থবছরের শুদ্ধাচার কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রা অনুযায়ী ৩০/০৬/২৪ তারিখে সমাপ্ত প্রকল্পসমূহের সম্পদ (যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) বিধি মোতাবেক আগামী ৩০/০৯/২০২৪ তারিখে মধ্যে হস্তান্তর করে তালিকাসহ প্রমাণক এপিএ শাখায় প্রেরণ করতে হবে।	সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক ও সংশ্লিষ্ট শাখা কর্মকর্তা, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
১০.	সরকারি যানবাহনের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণ	সভায় উল্লেখ করা হয় যে, শুদ্ধাচার কর্মপরিকল্পনায় সরকারি যানবাহনের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের বিষয়টি উল্লেখ রয়েছে। এ সংক্রান্ত প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে। এ প্রেক্ষিতে সরকারি যানবাহনের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের বিষয়ে সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করা হয়।	সরকারি যানবাহনের যথাযথ ব্যবহার নিশ্চিত করতে হবে।	সকল দপ্তর/সংস্থা প্রধান এবং উপসচিব (প্রশাসন) পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
১১.	প্রকল্পের কাজে স্বচ্ছতা নিশ্চিতকরণের লক্ষ্যে গঠিত কমিটি দ্বারা ৫টি অগ্রাধিকারমূলক উন্নয়ন প্রকল্প ন্যূনতম ০২ বার পরিদর্শন	সভায় উল্লেখ করা হয় যে, শুদ্ধাচার কর্মপরিকল্পনায় প্রকল্পের কাজে স্বচ্ছতা নিশ্চিতকরণের লক্ষ্যে গঠিত কমিটি দ্বারা ৫টি অগ্রাধিকারমূলক উন্নয়ন প্রকল্প ন্যূনতম ০২ বার পরিদর্শনের লক্ষ্যমাত্রা রয়েছে। ইতোমধ্যে এ বিভাগের যুগ্মসচিব (পরিকল্পনা ও উন্নয়ন) এর সভাপতিত্বে ১টি এবং উপসচিব(পরিকল্পনা-১) এর সভাপতিত্বে ১টি মোট ২টি কমিটি গঠন করা হয়েছে। গঠিত কমিটি ২০২৪-২৫ অর্থবছরের ন্যূনতম দুইবার দায়িত্বপ্রাপ্ত প্রতিটি প্রকল্পের কার্যক্রম পরিদর্শন করে	গঠিত কমিটি কর্তৃক ২০২৪-২৫ অর্থবছরের ন্যূনতম দুইবার দায়িত্বপ্রাপ্ত প্রতিটি প্রকল্পের কার্যক্রম পরিদর্শন করে নির্ধারিত ছকে প্রতিবেদন যথাসময়ে এ বিভাগে দাখিল করতে হবে।	যুগ্মসচিব (পরিকল্পনা ও উন্নয়ন) এবং উপসচিব(পরিকল্পনা-১) পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ

ক্র. নং	কার্যক্রমের নাম	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
		নির্ধারিত ছকে প্রতিবেদন দাখিল করবে। সভায় লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রকল্পের কার্যক্রম পরিদর্শন করে যথাসময়ে নির্ধারিত ছকে প্রতিবেদন দাখিলের জন্য সংশ্লিষ্ট কমিটি প্রধানগণ-কে নির্দেশনা প্রদান করা হয়।		
১২.	মাঠ পর্যায়ের অধীনস্ত অফিসের স্বচ্ছতা নিশ্চিতকল্পে গঠিত কমিটি দ্বারা পরিদর্শন	সভায় উল্লেখ করা হয় যে, শুদ্ধাচার কর্মপরিকল্পনা মোতাবেক মাঠ পর্যয়ের অধীনস্থ অফিসসমূহের স্বচ্ছতা নিশ্চিতকল্পে এ বিভাগের যুগ্মসচিব (প্রশাসন ও বাজেট) এর সভাপতিত্বে ১টি এবং যুগ্মসচিব (পরিকল্পনা ও উন্নয়ন) এর সভাপতিত্বে ১টি মোট ২টি কমিটি গঠন করা হয়েছে। গঠিত কমিটি ২০২৪-২৫ অর্থবছরের ন্যুনতম দুইবার দায়িত্বপ্রাপ্ত দপ্তর/সংস্থা বা এর শাখা পর্যায়ের অফিসসমূহ পরিদর্শন করে নির্ধারিত ছকে প্রতিবেদন দাখিল করবে। সভায় লক্ষ্যমাত্রা অনুযায়ী পরিদর্শন করে যথাসময়ে নির্ধারিত ছকে প্রতিবেদন দাখিলের জন্য সংশ্লিষ্ট কমিটি প্রধানগণ-কে নির্দেশনা প্রদান করা হয়।	গঠিত কমিটি কর্তৃক ২০২৪-২৫ অর্থবছরের লক্ষ্যমাত্রা অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত দপ্তর/ সংস্থা বা এর শাখা পর্যায়ের অফিসসমূহ পরিদর্শন করে নির্ধারিত ছকে প্রতিবেদন যথাসময়ে এ বিভাগে দাখিল করতে হবে।	যুগ্মসচিব (প্রশান ও বাজেট) এবং যুগ্মসচিব (পরিকল্পনা ও উন্নয়ন) পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
১৩.	আওতাধীন দপ্তর/সংস্থায় গণশুনানীর আয়োজন	২০২৪-২৫ অর্থবছরে এ বিভাগের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনায় আওতাধীন দপ্তর/সংস্থায় ১ম প্রান্তিকে ১টি ২য় প্রান্তিকে ২টি এবং ৩য় প্রান্তিকে ১টি গণশুনানীর আয়োজনের লক্ষ্যমাত্রা রয়েছে। চলতি অর্থবছরে এখনও আওতাধীন দপ্তর/সংস্থায় কোন গণশুনানীর আয়োজন করা হয়নি। সভায় লক্ষ্যমাত্রা অনুযায়ী আওতাধীন দপ্তর/সংস্থায় গণশুনানীর আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য নির্দেশনা প্রদান করা হয়।	২০২৪-২৫ অর্থবছরের লক্ষ্যমাত্রা অনুযায়ী আওতাধীন দপ্তর/সংস্থায় গণশুনানীর আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করতে হবে।	উপসচিব (বাজেট) পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ

০৫। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২২/৭/২০২৪

(মোসাম্মৎ শাহনারা খাতুন)
সচিব
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।

পরিশিষ্ট- ক

পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের ২০২৪-২৫ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত নৈতিকতা কমিটির ১ম প্রান্তিকের সভায় উপস্থিত কর্মকর্তাদের হাজিরা।

তারিখ: ০৮/০৯/২০২৪ খ্রি:
সময়: সকাল ১১:৩০ ঘটিকায়

ক্র: নং	নাম ও পদবী	বিভাগ ও দপ্তর/সংস্থা	ফোন নম্বর	স্বাক্ষর
০১.	[illegible]	BRDB	01732457896	০৮/০৯/২৪
০২.	[illegible]	[illegible]	[illegible]	০৮/০৯/২৪
০৩.	সুনিমা হাফিজ অতিঃ সচিব (আইন ও সংস্থা)	RDCD	01552342315	০৮/০৯/২০২৪
০৪.	[illegible]	RDCD	01711058825	০৮/০৯/২৪
০৫.	[illegible]	SFDF	01755618853	০৮/০৯/২৪
০৬.	[illegible] DG.	[illegible]	01711978563	
০৭.	[illegible]	RDA	01711236464	০৮/০৯/২৪
০৮.	[illegible]	BARD	01785279243	০৮.০৯.২৪
০৯.	ড. আশোক কুমার বিশ্বাস উপসচিব	আর ডি সি ডি	০১৭১২-৭১৭৩৫২	০৮/০৯/২০২৪
১০.	ড. মো. গোলাম মোস্তফা উপসচিব	পউসবি	০১৭১২-৪০৩০৪৮	০৮/৯/২০২৪
১১.	আজীজ আহমদ ভূঁইয়া উপসচিব	RDCD	01715-028221	০৮/০৯/২০২৪
১২.	মোঃ আনিচুর রহমান সিনিয়র সহকারী সচিব	RDCD	01718328598	০৮/০৯/২০২৪

ক্র: নং	নাম ও পদবী	বিভাগ ও দপ্তর/সংস্থা	ফোন নম্বর	স্বাক্ষর
১৩.	আফরিন মোহাম্মদ আঁখি প্রোগ্রামার	RDCD	01925-563760	[signature] ০৮/০৯/২০২৪
১৪.	তানিয়া আফরোজ টাইপিস্ট	RDCD	01919342381	[signature] ৮/০৯/২৪
১৫.	ড. শুমায়রা সুলতানা অতি: সচিব (পরি: ৩ উন্নঃ)	RDCD	01552341215	[signature] ০৮/০৯/২০২৪
১৬.	নাহরিন সুলতানা ম, ম, ম	RDCD	০১৫৫৪৭৮০৪৮	[signature] ০৮/০৯/২০২৪
১৭.				
১৮.				
১৯.				
২০.				
২১.				
২২.				
২৩.				
২৪.				
২৫.				
২৬.				